

পাঠার মাংস (Goat Meat)
©Deepak Sarkar, Writeen on 07/20/2000, Belmont, California

মানুষেরা ভাবে -
আমরা কিছু বুঝিনা!
ওরা ধরে নেয় -
আমরা কিছু শুনিনা!
ওরা মেনে নেয় -
আমরা কিছু দেখিনা!

তাই নোংরা বাসজটপের পাশে,
অথবা বাজারে নর্দমার পাশে,
মাংসের দোকানের কাছে -
জোর করে দড়ি দিয়ে
আমাদের গলায় গলায় বেধে রাখে ।

আমরা দেখতে পাই
আর এক জনকে ধরে নিয়ে গেল!
শূন্যে পাই তার অন্তিম আর্তনাদ!
বুঝতে পারি, যখন দেখি
তার দেহের অংশ ঝুলছে দড়ি থেকে!

একটা অনুরোধ শুনবে ?
তোমরা আমাদের মেরে খাও -
আমাদের মৃতদেহকে ঝলসিয়ে পুড়িয়ে
লোভনীয় খাবার বানাও
কিন্তু, খূনের আগে
আর একটা খূন দেখতে দিও না -
একটু আলাদা রেখো ॥